

কলকাতা উৎসব



বাংলা সাহিত্য উৎসব

বই কিনতে হলে পাঠকের পছন্দ কাউন্টার না কম্পিউটার, বাংলা সাহিত্যে কতটা স্থান পেয়েছে সন্ধান, সাহিত্য ছাড়া সিনেমার গতি নেই, অনুবাদ সাহিত্য কী ভাবে বিশ্ব সাহিত্যকে এক সঙ্গে যুক্ত করছে, এমন নানা বিষয় নিয়ে সরগরম হয়ে উঠেছে জোড়াসাঁকো ঠাকুরবাড়ির রবীন্দ্রভারতী মিউজিয়াম প্রাঙ্গণ। উপলক্ষ তিনদিনব্যাপী চতুর্থ এপিজে বাংলা

যন্ত্রসঙ্গীত, পুরাতনী বাংলা গান ও টপ্পা গানের আসর, বাংলা সাহিত্য কুইজ, কবিতা ক্লাবের অনুষ্ঠান। প্রতি দিন সন্ধ্যা সাড়ে ছ'টায় থাকবে লাইট অ্যান্ড সাউন্ড শো।

সাহিত্য উৎসব। অল্পফোর্ড বুকস্টোর এবং পত্র ভারতী আয়োজিত এই উৎসব চলবে রবিবার, ১৮ নভেম্বর পর্যন্ত। শুক্রবার, ১৬ নভেম্বর, দুই সাহিত্যিক সমরেশ মজুমদার এবং আনিসুল হকের সঙ্গে এর উদ্বোধন করেন কবি শঙ্ক ঘোষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সব্যসাচী বসু রায়চৌধুরী, প্রকাশক

ত্রিদিব চট্টোপাধ্যায় এবং সাহিত্য উৎসবের অধিকর্তা স্বাগত সেনগুপ্ত। আজ ও রবিবার, সকাল ১১টা থেকে বিভিন্ন আলোচনাচক্রের অংশ নেবেন শীর্ষেদু মুখোপাধ্যায়, সঞ্জীব চট্টোপাধ্যায়, চিন্ময় গুহ, শ্রীজাত, দেবশিষ মুখোপাধ্যায়, শুভঙ্কর দে, প্রচৈত গুপ্ত, সৈয়দ তনভির নাসরিন, কৌশিক গঙ্গোপাধ্যায় প্রমুখ। দুপুর একটায় 'পুরনো কলকাতার গল্প' দলের উপস্থাপনায় রয়েছে 'হাস্যরসের জীবন কাহিনি' শীর্ষক আলোচনা। 'সাহিত্য কি খেলার জিনিস' ও 'কাউন্টার না কম্পিউটার? পাঠক কোথায় যায় বার বার?' শীর্ষক আরও দু'টি আলোচনা রয়েছে দুপুর একটা পর্যাটমিশ ও বিকেল চারটে থেকে। এ ছাড়াও থাকবে যন্ত্রসঙ্গীত, পুরাতনী বাংলা গান ও টপ্পা গানের আসর, বাংলা সাহিত্য কুইজ, কবিতা ক্লাবের অনুষ্ঠান। প্রতিদিন সন্ধ্যা সাড়ে ছ'টায় থাকবে লাইট অ্যান্ড সাউন্ড শো।

অন্য দিকে, প্রতি বছর যে সাহিত্য উৎসব দিয়ে বই পার্বণের সূচনা হয়, সেই এপিজে কলকাতা লিটেরারি ফেস্টিভালে এ বারও থাকছে তারকা সমাবেশ। আগামী ১৮ থেকে ২০ জানুয়ারি, ২০১৯, পার্ক স্ট্রিটে এই উৎসবের দশম সংস্করণে, উল্লেখযোগ্য বক্তাদের মধ্যে থাকবেন নাসিরুদ্দিন শাহ, রামচন্দ্র গুহ, শশী ধার্মক, উপমন্যু চট্টোপাধ্যায়, রত্না পাঠক শাহ, রাজমোহন গান্ধী, শোভা দে, অনুজা চৌহান, অ্যান্ড্রু শন গ্রিয়ার, রতিশ কুমার এবং দেবদত্ত পট্টনায়ক। এ বারের উৎসবে যে বিষয়গুলি গুরুত্ব পাবে তার মধ্যে রয়েছে সমকালীন বিষয়, স্বাস্থ্য, নারী এবং শিশুসাহিত্য। এ ছাড়াও থাকবে উদীয়মান লেখকদের রচনা নিয়ে প্রতিযোগিতা এবং পোয়েট্রি ক্যাফে।